

ঢাবি শিক্ষার্থীকে পেটাল ঢাকা কলেজের ছাত্ররা

নিজস্ব প্রতিবেদক

২৩ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ২৩ জুলাই ২০১৯ ০১:৪৮



দৈনিক
আমাদের সময়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রকে পিটিয়ে রক্তাক্ত করেছে ঢাকা কলেজের ছাত্ররা। মাস্টার্সে অধ্যয়নরত ভূগোল বিভাগের ভুক্তভোগী শিক্ষার্থীর নাম হাসান চৌধুরী পিয়াল। তিনি বিশ্ববিদ্যালয়ের ২০১৪-১৫ সেশনের ছাত্র এবং মহসিন হলের আবাসিক শিক্ষার্থী। গতকাল সোমবার রাত ৮টার দিকে নীলক্ষেত মোড়ে তার ওপর হামলার ঘটনা ঘটে।

জানা যায়, ঢাকা বিশ্ববিদ্যালয় মুহসিন হলের আবাসিক শিক্ষার্থী পিয়াল কোচিং করতে নীলক্ষেত যান। কোচিং করে ফেরার সময় ঢাকা কলেজের ৭-৮ শিক্ষার্থী তাকে ঘিরে রড ও লাঠিসোটা দিয়ে মারধর করে। শুধু ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী হওয়ার কারণেই ঢাকা কলেজের শিক্ষার্থীরা তাকে মারধর করে। ঢাকা কলেজের ওইসব শিক্ষার্থীর সঙ্গে পিয়াল হাসানের কোনো কথাকাটাকাটি বা পূর্বশত্রুতা নেই বলে জানা গেছে।